

মেঘের কোলে কোলে যায় রে চলে বকের পাঁতি ।
 ওরা ঘর-ছাড়া মোর মনের কথা যায় বুঝি ওই গাঁথি গাঁথি ॥
 সুদূরের বীণার স্বরে কে ওদের হৃদয় হরে
 দুরাশার দুঃসাহসে উদাস করে—
 সে কোন্ উধাও হাওয়ার পাগলামিতে পাখা ওদের ওঠে মাতি ॥
 ওদের ঘুম ছুটেছে, ভয় টুটেছে একেবারে,
 অলক্ষ্যেতে লক্ষ ওদের— পিছন-পানে তাকায় না রে ।
 যে বাসা ছিল জানা সে ওদের দিল হানা,
 না-জানার পথে ওদের নাই রে মানা—
 ওরা দিনের শেষে দেখেছে কোন্ মনোহরণ আঁধার রাতি ॥

Parjaay: Prakriti / Borsha, Taal: Dadra, Style: Baul
 Visit www.geetabitan.com for notation and other detail